**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বাংলাদেশ চা বোর্ড
প্রধান কার্যালয়
১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড
নাসিরাবাদ, চট্টগ্রাম।
**www.teaboard.gov.bd**

স্মারক নম্বর: ২৬.০৯.০০০০.১০১.১১.০১৯.২৪.৮৮৬

তারিখ : ১৩ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২৮ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

## পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

বাণিজ্য মন্ত্রণালয়ের ০১/০৪/২০২৪ খ্রি. তারিখের ২৬.০০.০০০০.০৯০.০৯০.১১.০০১.১৭.৭৬ নং ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ চা বোর্ড এবং বাংলাদেশ চা বোর্ড নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট (বিটিআরআই) ও প্রকল্প উন্নয়ন ইউনিট (পিডিইউ) এর নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য যোগ্য এবং প্রকৃত বাংলাদেশী নাগরিকগণের কাছ থেকে দরখাস্ত আহবান করা হচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম, কর্মস্থল ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | নিয়োগের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | সার্ভেয়ার<br>পিডিইউ, বাংলাদেশ চা বোর্ড,<br>শ্রীমঙ্গল, মৌলভীবাজার।<br>বেতন স্কেল: ১০২০০-২৪৬৮০/- (গ্রেড: ১৪) | ০২ (দুই)টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাস ও তৎসহ সার্ভে ফাইনাল পরীক্ষা পাশ। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২ | স্টোর কীপার<br>পিডিইউ, বাংলাদেশ চা বোর্ড,<br>শ্রীমঙ্গল, মৌলভীবাজার।<br>বেতন স্কেল: ১০২০০-২৪৬৮০/- (গ্রেড: ১৪) | ০১ (এক)টি | স্নাতক ডিগ্রীসহ বৈজ্ঞানিক যন্ত্রপাতি প্রকৌশলী দ্রব্যাদি, মনিহারী দ্রব্যাদি ও সাধারণ স্টোর রক্ষণাবেক্ষণে অভিজ্ঞতা। |
| ০৩ | হিসাব সহকারী<br>পিডিইউ, বাংলাদেশ চা বোর্ড,<br>শ্রীমঙ্গল, মৌলভীবাজার।<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- (গ্রেড: ১৬) | ০৩ (তিন)টি | স্নাতক ডিগ্রী অথবা ২য় বিভাগে উচচ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় পাস। সুন্দর হস্তাক্ষরের প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৪ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর<br>বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রাম ও বিটিআরআই এবং পিডিইউ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/-(গ্রেড: ১৬) | ২২ (বাইশ)টি | বাংলা ও ইংরেজী টাইপিং-এ যথাক্রমে ১৫ ও ২০ গতিসম্পন্ন (প্রতি মিনিটে) এবং এইচএসসি পাস হতে হবে। |
| ০৫ | গাড়ীচালক<br>বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রাম এবং পিডিইউ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/-(গ্রেড: ১৬) | ০৪ (চার)টি | সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে ভারী/মধ্যম/হালকা ড্রাইভিং লাইসেন্স প্রাপ্ত। কোন সরকারী বা স্বায়ত্তশাসিত অথবা প্রতিষ্ঠিত বাণিজ্যিক প্রতিষ্ঠানে ড্রাইভিং কাজের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৬ | প্লাম্বার<br>পিডিইউ, বাংলাদেশ চা বোর্ড,<br>শ্রীমঙ্গল, মৌলভীবাজার।<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- (গ্রেড: ১৬) | ০১ (এক)টি | প্লাম্বিং কাজে ট্রেড অথবা ভোকেশনাল সার্টিফিকেট থাকতে হবে। ওয়াটার সাপ্লাই ও স্যানিটারী কার্যে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৭ | অফিস সহায়ক<br>বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রাম ও বিটিআরআই, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০/- (গ্রেড: ২০) | ১১ (এগারো)টি | ৮ম শ্রেণী পাস হতে হবে এবং সেই সাথে সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| ০৮ | নিরাপত্তা প্রহরী<br>বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রাম ও বিটিআরআই, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০/- (গ্রেড: ২০) | ০২ (দুই)টি | ৮ম শ্রেণী পাস হতে হবে। সেই সাথে সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। সামরিক বাহিনীর অবসরপ্রাপ্ত সিপাই পদের কর্মচারীদের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৯ | পরিচ্ছন্নতা কর্মী<br>বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রাম ও বিটিআরআই, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০/- (গ্রেড: ২০) | ০২ (দুই)টি | ৮ম শ্রেণী পাস হতে হবে এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসহ সুস্বাস্থ্যে অধিকারী হতে হবে। |

শর্তাবলীঃ

০১। চাকরির আবেদন ফরম বাংলাদেশ চা বোর্ডের ওয়েবসাইট: www.teaboard.gov.bd-এ পাওয়া যাবে। প্রার্থীদের চাকরির নির্ধারিত আবেদন ফরমে নির্দেশ অনুযায়ী প্রয়োজনীয় তথ্য-উপাত্ত প্রদান করতে হবে। অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদনের সাথে সংযুক্ত কোন কিছুই ফেরৎযোগ্য নয়।

০২। চাকরির আবেদন ফরমের সাথে অবশ্যই নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে:

(ক) চাকরি প্রার্থীর সদ্য তোলা ৪ (চার) কপি ৫×৫ সে. মি. সাইজের রঙ্গিন ছবি আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে (প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে)। তৎমধ্যে ১ কপি ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে আঠা দিয়ে এবং অবশিষ্ট ৩ কপি ছবি স্ট্যাপল করে সংযুক্ত করতে হবে।

(খ) সচিব, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম এর অনুকূলে ০১-০৬ নং ক্রমিকের পদের জন্য ২০০/- (দুইশত) টাকা, ০৭-০৯ নং ক্রমিকের পদের জন্য ১০০ (একশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর নম্বর ও তারিখ এবং তা ইস্যুকৃত ব্যাংক শাখার নাম আবেদন ফরমে উল্লেখ করতে হবে।

০৩। নিয়োগের ক্ষেত্রে কোটা সংরক্ষণ সংক্রান্ত সরকারি নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।

০৪। সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। তবে যারা ইতোপূর্বে বাংলাদেশ চা বোর্ডের ১৭ এপ্রিল ২০২৪ খ্রি. তারিখের ২৬.০৯.০০০০.১০১.১১.০১৯.২৪.৩৮১ নং নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

০৫। প্রার্থীদের বয়স ১৯/০৫/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ১৮-৩০ বছর হতে হবে।

০৬। প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় আবেদনে উল্লেখিত সকল কাগজপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে এবং সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর কপি, প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট এর কপি, জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদপত্র এর কপিসহ ও সকল সনদ ও কাগজপত্রের কপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি জমা দিতে হবে।

০৭। বিদেশি বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট অবশ্যই জমা দিতে হবে।

০৮। চাকরির আবেদন সচিব, বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, ১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী সড়ক, নাসিরাবাদ, চট্টগ্রাম-৪২১০ ঠিকানায় আগামী ২৬/০৯/২০২৪ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন পৌছাতে হবে। উক্ত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

০৯। চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যেই তাদের আবেদন পৌছাতে হবে। কোন অগ্রিম কপি গৃহীত হবে না।

১০। আবেদনপত্রের খামের উপরে ডান পাশে পদের নাম এবং জেলার নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

১১। এই বিজ্ঞপ্তি প্রকাশের কারণে লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষা গ্রহণে কর্তৃপক্ষ বাধ্য নয়। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। বাংলাদেশ চা বোর্ড নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলী সংশোধন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ডি.এ. প্রদান করা হবে না।

১৪। আবেদনকারীর নাম ও আবেদন পত্রে উল্লিখিত বর্তমান ঠিকানা লিপিবদ্ধ করে ১০/- টাকার ডাকটিকেট সম্বলিত ১০"×৪.৫" মাপের একটি ফেরত খাম আবেদনের সঙ্গে প্রেরণ করতে হবে।

১৫। যে কোন প্রকারের তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

২৮.০৮.২০২৪

সচিব
বাংলাদেশ চা বোর্ড

F:\Rasel Pc\Man Power\Recruitment\2024\৩. রাজস্ব পদে নিয়োগ\10. পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি\পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি.docx